

২০১৫

বাংলা

ষষ্ঠ পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

১নং প্রশ্নসহ আরো দুইটি প্রশ্নের উত্তর দাও।

- ১। 'রক্তকরবী' নাটকে দুই সভ্যতার দুই সংস্কৃতির দ্বন্দ্ব কীভাবে ধরা পড়েছে তা বিশ্লেষণ করো। ১৮

অথবা

'রক্তকরবী' নাটকে রাজা চরিত্রের ভূমিকা ও গুরুত্ব বিশ্লেষণ করো।

(Turn Over)

- ২। 'চিত্রা' কাব্যে বিধৃত জীবনদেবতার স্বরূপ ব্যাখ্যা করো। ১৬

অথবা

'চিত্রা' কাব্যের 'উর্বশী' কবিতাটির ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো।

- ৩। 'শেষ সপ্তক' কাব্যের ভাষা ও ছন্দের বিশিষ্টতা উদাহরণ সহ আলোচনা করো। ১৬

অথবা

পাঁচিশে বৈশাখকে কেন্দ্র করে রবীন্দ্রনাথ জীবনের বিভিন্ন পর্বে বেশ কয়েকটি কবিতা লিখেছেন। সেগুলির কথা মনে রেখে 'শেষ সপ্তক'-এর ৪৩ সংখ্যক কবিতাটির রসভাষ্য রচনা করো।

- ৪। কাব্যনাট্য হিসাবে 'মালিনীর' সার্থকতা বিচার করো। ১৬

অথবা

'মালিনী' নাটকে ক্ষেমঙ্কর চরিত্রের ভূমিকা ও গুরুত্ব পর্যালোচনা করো।

দ্বিতীয়ার্ধ

[মান—৫০]

৫নং প্রশ্নসহ আরো দুইটি প্রশ্নের উত্তর দাও।

- ৫। 'গোরা' উপন্যাসে প্রতিফলিত রবীন্দ্রনাথের ভারতভাবনার স্বরূপ ব্যাখ্যা করো। ১৮

অথবা

'গোরা' উপন্যাসে আনন্দময়ী চরিত্রের ভূমিকা ও গুরুত্ব পর্যালোচনা করো।

- ৬। অতিপ্রাকৃত নয়, প্রকৃত মানুষের নৈতিক এবং মনস্তাত্ত্বিক সংকটই 'নিশীথে' গল্পের উপজীব্য—আলোচনা করো। ১৬

অথবা

'ল্যাভরেটরি' গল্পের সেহিনী চরিত্রের মধ্য দিয়ে আধুনিক জীবন ভাবনা কীভাবে প্রতিভাত হয়েছে তা বিশ্লেষণ করো।

- ৭। 'ছিন্নপত্রাবলী'র গদ্যরীতির বৈশিষ্ট্য দৃষ্টান্ত সহ বুঝিয়ে দাও। ১৬

অথবা

'নিসর্গ সৌন্দর্যে পরিপূর্ণ কবি হৃদয়ের উৎসার—ছিন্নপত্রাবলী'। মন্তব্যটি পর্যালোচনা করো।

৮। যুরোপীয় সভ্যতার প্রতি মোহ এবং মোহমুক্তিই 'সভ্যতার সঙ্কট' প্রবন্ধের মর্মকথা। মন্তব্যটি পরিশ্ফুট করো।

১৬

অথবা

'সভ্যতার সঙ্কট' যতই তীব্র বা গভীর হোক না কেন, রবীন্দ্রজীবনাদর্শে অপরাজেয় আশাবাদই অন্তিম উচ্চারণ— আলোচনা করো।

—